**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 30-05-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

**Opening Announcement :-** আকাশবাণী**,** খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পশ্চিমবঙ্গ সরকারের জন্যই এরাজ্যের মানুষ কেন্দ্রের বিভিন্ন প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। # তিনি গতকাল আলিপুরদুয়ারে পাইপবাহিত গ্যাস সরবরাহ প্রকল্পের শিলান্যাস করে বলেন, শিক্ষা, স্বাস্থ্য, রাজনীতি সহ সব ক্ষেত্রেই এই রাজ্য সঙ্কটের মুখে।

২/ রাজ্য বিধানসভার আসন্ন অধিবেশনে অপারেশন সিন্দুর-এর সাফল্যে সেনাবাহিনীকে ধন্যবাদ জানিয়ে সরকার একটি প্রস্তাব আনতে চলেছে।

৩/ সুপ্রিম কোর্টের নির্দেশ অনুসারে রাজ্য সরকার আজ স্কুল সার্ভিস কমিশনে নিয়োগের বিজ্ঞপ্তি জারি করতে চলেছে। # এদিকে চাকরিহারা যোগ্য শিক্ষক ও শিক্ষাকর্মীরা আজ কলকাতায় এক মহা মিছিলে সামিল হবেন।

৪/ গ্রামোন্নয়ন সংক্রান্ত বিভিন্ন প্রকল্পের অগ্রগতি খতিয়ে দেখতে পঞ্চায়েত দফতর আজ জেলা স্তরে বিশেষ পরিদর্শন শুরু করছে।

৫/ নিম্নচাপ সরে গেলেও, এর প্রভাবে আজ'ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির পূর্বাভাস। # উত্তরবঙ্গে বর্ষার প্রবেশ।

****************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পশ্চিমবঙ্গের বিকাশ, দেশের সামগ্রিক উন্নয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। কেন্দ্র তাই এরাজ্যের উন্নয়নেও বদ্ধপরিকর। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের জন্যই কেন্দ্রের অনেক প্রকল্প এখানে কার্যকর হয়না।

তিনি গতকাল আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডে পাইপবাহিত গ্যাস সরবরাহ প্রকল্পের শিলান্যাস করে বলেন, এ'রাজ্যের মানুষ 'আয়ুষ্মান ভারত যোজনা'র সুবিধা পাচ্ছেন না। প্রধানমন্ত্রী আবাস যোজনা থেকেও বঞ্চিত হচ্ছেন।

( বাইট- প্রধানমন্ত্রী আয়ুষ্মান )

এই প্রসঙ্গে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে দুর্নীতিতে লিপ্ত থাকার অভিযোগ করে প্রধানমন্ত্রী বলেন, শিক্ষা, স্বাস্থ্য, রাজনীতি, মেয়েদের ওপর অত্যাচার, সব ক্ষেত্রেই এই রাজ্য সংকটের মুখে। কিন্তু শাসক দলের নেতারা নিজেদের ভুল না মেনে নিয়ে পাল্টা দোষারোপ করছেন, আদালতের দিকে আঙ্গুল তুলছেন। তবে, বাংলাকে তার হৃতগৌরব ফিরিয়ে দিতে রাজ্যের মানুষকেই প্রধানমন্ত্রী এগিয়ে আসার আর্জি জানান।

'অপারেশন সিন্দুর-এর প্রসঙ্গ উত্থাপন করে নরেন্দ্র মোদী বলেন, পহেলগাঁও-এর ঘটনার যারা ছিল, তাদের সিঁদুরের শক্তি বুঝিয়ে দিয়েছে ভারতীয় সেনা।

*******************

আলিপুরদুয়ারে জনসভা থেকে রাজ্য সরকারকে প্রধানমন্ত্রীর তীব্র আক্রমণের জবাবে **মুখ্যমন্ত্রী** মমতা ব্যানার্জী তার পাল্টা প্রতিক্রিয়া বলেছেন, প্রধানমন্ত্রী সামরিক অভিযানকে রাজনৈতিক উদ্দেশ্যে কাজে লাগাচ্ছেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এদিকে, ব্যক্তিগত বিষয় নিয়ে মুখ্যমন্ত্রী যেভাবে প্রধানমন্ত্রীকে আক্রমণ করেছেন, তাতে তাঁর রুচিহীনতা আবার'ও প্রমাণিত হয়েছে বলে বিজেপির দাবি। দলের রাজ্য সভাপতি **সুকান্ত মজুমদার** সাংবাদিকদের জানিয়েছেন, একজন বয়োঃজেষ্ঠ মানুষ সম্পর্কে কিভাবে কথা বলা উচিত, তা মুখ্যমন্ত্রীর জানা নেই। অপারেশন সিন্দুর নিয়ে মুখ্যমন্ত্রীর অভিযোগের'ও সমালোচনা করেন তিনি।

(বাইট – সুকান্ত)

*******************

বিজেপি, তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে ‘অপারেশন সিন্দুর’ অভিযানের অবমূল্যায়নের অভিযোগ এনেছে। নতুন দিল্লীতে গতকাল বিজেপি মুখপাত্র শেহজাদ পুনেওয়ালা, অপারেশন সিন্দুর নিয়ে পশ্চিমবঙ্গের মন্ত্রী উদয়ন গুহের মন্তব্যের তীব্র সমালোচনা করেন। তৃণমূল কংগ্রেস, ভারতীয় সশস্ত্র বাহিনী ও দেশের নাগরিকদের অপমান করেছেন বলেও তাঁর অভিযোগ। উদয়ন গুহের মন্তব্যকে অবমাননাকর হিসেবে অভিহিত করে তিনি বলেন, গোটা দেশ, ‘অপারেশন সিন্দুর’-এর জন্যে সশস্ত্র বাহিনীর প্রতি কৃতজ্ঞ।

*******************

রাজ্য বিধানসভার পরবর্তী অধিবেশন ৯ জুন, শুরু হচ্ছে। সপ্তাহ দুয়েকের এই অধিবেশনে একাধিক প্রস্তাবের উপর আলোচনা হবে। যার মধ্যে আছে ‘অপারেশন সিন্দুর’-এর সাফল্যের জন্য সেনাবাহিনীকে ধন্যবাদ জানিয়ে সরকার পক্ষের আনা প্রস্তাব।

একটি প্রতিবেদন- ( ভিসি AB )

*******************

পহেলগাঁও-এ জঙ্গী হামলার পর কাশ্মীরের উধমপুরে সন্ত্রাস বিরোধী অভিযানে শহীদ ভারতীয় জওয়ান এরাজ্যের ঝন্টু আলি শেখের বাড়িতে গিয়ে গতকাল কংগ্রেসের পক্ষ থেকে তাঁর পরিবারের হাতে দু-লক্ষ টাকার চেক তুলে দেওয়া হয়।

*******************

স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশ অনুযায়ী গতকাল ‘হট ফায়ার ড্রিল’ বা অগ্নিনির্বাপণ মহড়ার আয়োজন করা হয় কলকাতা বিমান বন্দরে। নিরাপত্তা জনিত নির্দেশিকা অনুযায়ী যে কোনো পরিস্থিতির মোকাবিলায় এই মক ড্রিল বা মহড়ার নির্দেশ দেয় কেন্দ্রের স্বরাষ্ট্র মন্ত্রক।

*******************

প্রসার ভারতীর দৃশ্য-শ্রাব্য সম্প্রচার এবং প্রসার মাধ্যম 'PB SHABD'– এ নিবন্ধিকরণের জন্য youtuber, podcaster এবং ভিডিও এডিটরদের আহ্বান জানানো হয়েছে। কপিরাইটহীন মূল কন্টেন্ট যাতে সুরক্ষিতভাবে ব্যবহার করা যায়, তার জন্য একটা সর্বজনীন উৎস হল PB SHABD Youtuber ।

ভিডিও নির্মাতাদের জন্য বিনামূল্যে দেওয়া কন্টেন্ট ৬০টি এডিট ডেস্কের অধীনে এখানে পাওয়া যাবে। দূরদর্শন এবং আকাশবাণীর মত বিশ্বস্ত সূত্রের তথ্য ভান্ডার সারা দেশের নিউজ পোর্টালগুলি এর মাধ্যমে হাতের নাগালে পেতে পারে।

******************

সুপ্রিম কোর্টের নির্দেশ অনুসারে রাজ্য সরকার আজ স্কুল সার্ভিস কমিশনে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি জারি করতে চলেছে। সুপ্রিম কোর্ট ৩১ মে-র মধ্যে এই নিয়োগের বিজ্ঞপ্তি জারি করার নির্দেশ দিয়েছিল। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তার পরেই জানিয়েছিলেন, শীর্ষ আদালতের আদেশ মেনে ৩০শে মে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। ১৬ জুন পর্যন্ত অনলাইনে আবেদন জানানো যাবে। আবেদন জানানোর শেষ তারিখ ১৪ জুলাই। প্যানেল প্রকাশ করা হবে ১৫ নভেম্বর। বিশে নভেম্বরের মধ্যে কাউন্সেলিং শুরু করে দেওয়া হবে।

উল্লেখ্য, মোট ৪৪ হাজার ২০৩ টি পদে শিক্ষক ও শিক্ষাকর্মী নিয়োগ করা হবে।

যোগ্য চাকরিহারাদের জন্য বয়সেও ছাড় দেওয়া হচ্ছে। তাঁদের জন্য অভিজ্ঞতার ভিত্তিতে সুবিধা দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। নতুন চাকরিপ্রার্থীরাও আবেদন জানাতে পারবেন।

******************

চাকরিতে সসম্মানে নিয়োগের দাবিতে চাকরিহারা যোগ্য শিক্ষক শিক্ষিকা ও শিক্ষাকর্মীরা আজ শিয়ালদা থেকে মহা মিছিলের ডাক দিয়েছেন। পরীক্ষা না দিয়ে আইনি পথে পুনর্বহালের দাবিতে মিছিল করে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে চান তাঁরা।

‘যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চ’-এর তরফে এক সাংবাদিক বৈঠকে চিন্ময় মন্ডল গতকাল বলেন, সরকারি দুর্নীতি যোগ্য চাকরিহারাদের এবং সার্বিকভাবে রাজ্যের শিক্ষা ব্যবস্থাকে অর্ধনগ্ন করে দিয়েছে। এর প্রতিবাদেই তাঁদের এই মিছিল।

( বাইট- শিক্ষক চিন্ময় মন্ডল )

*******************

গ্রামোন্নয়ন সংক্রান্ত বিভিন্ন প্রকল্পের অগ্রগতি খতিয়ে দেখতে পঞ্চায়েত দফতর আজ থেকে জেলা স্তরে বিশেষ পরিদর্শন শুরু করছে। এজন্য প্রতি জেলায় দফতরের তিন জন করে আধিকারিককে নিয়ে বিশেষ দল গঠন করা হয়েছে।

৫’ই জুন পর্যন্ত টানা সাতদিন রাজ্যজুড়ে চলবে এই বিশেষ পরিদর্শন কর্মসূচী ।

*******************

স্বাভাবিক সময়ের প্রায় ৮ দিন আগেই কেরালায় দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু প্রবেশ করেছিল। এবার তা পৌঁছে গেল বাংলায়। তবে উত্তরবঙ্গে তাড়াতাড়ি এলেও দক্ষিণবঙ্গে বর্ষা ঠিক কবে আসবে তা এখনও স্পষ্ট নয়।

একটি প্রতিবেদন- ( ভিসি- কাশফিন )

এদিকে, গভীর নিম্নচাপ ও অমাবস্যার কটালের জেরে ব্যাপক ক্ষতি সুন্দরবনের নদী ও সমুদ্র বাঁধের। একাধিক জায়গায় বাঁধে ধস। উপকূলবর্তী এলাকায় ঝোড়ো হাওয়ার দাপটে সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

*****************************************************************